

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

ইউপি -১ শাখা

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০২৬.১৭-৪৭৫

তারিখ ২৪ ভাদ্র ১৪২৬
০৮ সেপ্টেম্বর ২০১৯


বিষয়: রোহিঙ্গাদের অনুকূলে জন্ম নিবন্ধন সনদ বা নাগরিকত্ব সনদ প্রদান করা সংক্রান্ত।

- সূত্রঃ (১) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৬.০৭.০০২.১৮-৪৬৬, তারিখ-১৫/১১/২০১৮ খ্রিঃ।
(২) স্থানীয় সরকার বিভাগের পত্র নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০২৬.১৭-৬৫৭, তারিখ-২০/১২/২০১৮ খ্রিঃ।
(৩) স্থানীয় সরকার বিভাগের পত্র নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০২৬.১৭-৪০৩, তারিখ-০৮/০৮/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে রোহিঙ্গাদের নাগরিকত্ব সনদ প্রদান না করার বিষয়ে মনিটরিং জোরদারকরণ এবং চেয়ারম্যান ভূয়া নাগরিকত্ব সনদ এবং জন্ম সনদ প্রদান করলে তার বিরুদ্ধে মামলা দায়েরের জন্য সূত্রোক্ত ১, ২ ও ৩ স্মারক নির্দেশনা প্রদান করা হয়েছিল। এতদসত্ত্বেও কোন কোন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউপি সচিব যথাযথ যাচাই-বাছাইয়ের মাধ্যমে নিশ্চিত না হয়ে জন্ম সনদ এবং নাগরিকত্ব সনদ প্রদান করছেন, যা সরকারি আদেশ অমান্য করার শামিল এবং গুরুতর অপরাধ। ইতোমধ্যে এ বিষয়ে ০৩(তিন) জন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ০২(দুই) জন ইউনিয়ন পরিষদ সচিবকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। তাঁদেরকে চূড়ান্তভাবে বরখাস্ত এবং তাঁদের বিরুদ্ধে রাষ্ট্রের প্রচলিত আইনে মামলা দায়েরের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।

০২। বর্গিতাবস্থায়, তাঁর জেলার আওতাধীন কোন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কিংবা ইউপি সচিব যথাযথ যাচাই-বাছাই না করে এবং সম্পূর্ণভাবে নিশ্চিত না হয়ে কোন নাগরিকত্ব সনদ ও জন্ম নিবন্ধন সনদ ইস্যু না করে সে বিষয় কঠোর নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো। কোন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সচিব রোহিঙ্গাদের নাগরিকত্ব সনদ বা জন্ম সনদ প্রদান করলে তাঁর বিরুদ্ধে দ্রুত ফৌজদারী মামলা দায়ের করার পাশাপাশি যিনি রোহিঙ্গাগণকে নাগরিকত্ব/জন্ম সনদ প্রাপ্তিতে কোনরূপ সহায়তা করবেন, তাঁর বিরুদ্ধেও ফৌজদারী মামলা দায়ের করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতীব জরুরী


মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী
উপসচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ই-মেইল-up1lgd@gmail.com

জেলা প্রশাসক (সকল)

-----জেলা।

অনুলিপিঃ(জ্ঞাতার্থে/কার্যার্থে)

- ১) সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) রেজিস্টার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী সদয় অবগতির জন্য)
- ৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার-----উপজেলা-----জেলা।
- ৬) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭) অফিস কপি।